

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং ২০/২০২৪

তারিখঃ ২৩/০৩/২০২৪খ্রিঃ।

জরুরী বিজ্ঞপ্তি

বৈশ্বিক ব্যবসায়িক মন্দার কারণে কল্যাণ তহবিল থেকে বৈধ সদস্যদেরকে আর্থিক সহযোগিতা ও সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেট প্রাপ্তদের লভ্যাংশ প্রদান সংক্রান্ত।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

সম্মানিত বৈধ সদস্য/সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কল্যাণ তহবিল হতে প্রত্যেক বৈধ সদস্য প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য কার্যনির্বাহী পরিষদের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৩/০৩/২০২৪ইং তারিখ হতে চেক প্রদান করা হবে।

সি এন্ড এফ টাওয়ারের সম্মানিত সার্টিফিকেট প্রাপ্তদের প্রতি,

সিএন্ড এফ টাওয়ারের সম্মানিত সার্টিফিকেট প্রাপ্তদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, গত ০৯/০৩/২০২৪ইং তারিখে অনুষ্ঠিত সি এন্ড এফ টাওয়ারের ১২তম বার্ষিক সাধারণ সভায় প্রতি সার্টিফিকেট এর মূল্যের উপর ৪০% অর্থাৎ ১,৬০০/- টাকা হারে লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ২৩/০৩/২০২৪ইং তারিখ হতে সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেট প্রাপ্তদের ২০২৩ সালের লভ্যাংশের চেক প্রদান করা হবে।

আর্থিক সহযোগিতা ও লভ্যাংশের চেক গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার চেক গ্রহণ করতে পারবেন। কোন যুক্তিসংগত কারণে তাঁদের পক্ষে চেক গ্রহণ করা সম্ভব না হলে তাঁদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি ক্ষমতায়ন পত্র দাখিল সাপেক্ষে উক্ত চেক গ্রহণ করতে পারবেন। তবে উভয় ক্ষেত্রে আলাদা আলাদা ক্ষমতাপত্র দাখিল করতে হবে।

অফিস চলাকালীন সময়ে সকাল ১০ ঘটিকা হতে দুপুর ৩ ঘটিকার মধ্যে চেক সংগ্রহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,



কার্জী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন